মেহেরপুরে ২৪ ঘন্টার ব্যবধানে ভাই বোনের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে গত ২৪ ঘন্টার ব্যবধানে ভাই সৌদি প্রবাসী ইসলাম আলী (৫২) ও বোন ফজিলা খাতুন (৫৫) এর মৃত্যু হয়েছে। তারা আমঝুপি ষষ্টিতলা পাড়ার মৃত তাহাজ উদ্দিন এর ছেলে ও মেয়ে। জানা গেছে গতকাল মঙ্গলবার সকাল ৯টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বোন ফজিলা খাতুনের মৃত্যু হয়। খবর পেয়ে ভাই ইসলাম আলী বোনকে দেখতে হাসপাতালে যান। বোনের মৃত্যু সহ্য করতে না পেরে ইসলাম আলী হাসপাতালেই স্ট্রোক করেন। পরে হাসপাতালে চিকিৎসা শেষে ইসলাম আলীকে বাড়িতে নেওয়া হয়। আজ বুধবার সকালে তার শারীরিক অবস্থার অবনতি হলে তাকে রাজশাহী নেওয়ার পথে গাংনীর বামুন্দী নামক স্থানে পৌছালে ইসলাম আলী মৃত্যুবরণ করেন। ফজিলা খাতুন দুই সন্তানের জননী এবং ইসলাম আলী দুই ছেলে ও এক মেয়ের জনক।
আজ বাদ আসর আমঝুপি আলিম মাদ্রাসা প্রাঙ্গণে জানাজা শেষে তাদের দাফন করা হবে। এ ঘটনায় তাদের পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

চুয়াডাঙ্গার বিলপাড়ায় ছাগলে ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে বাড়িতে হামলা, থানায় অভিযোগ

চুয়াডাঙ্গার বেগমমপুর বিলপাড়ায় পেয়ারা বাগানে ছাগল যাওয়াকে কেন্দ্র করে বাড়িতে হামলা চালিয়ে মহিলাসহ ৩ জনকে পিটিয়ে জখম করেছে পেয়ারা বাগানের মালিক ফারুক হোসেন। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক।

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের বেগমপুর বিলপাড়ার আনু মিয়ার ছেলে ফারুক হোসেনের পেয়ারাবাগানে মঙ্গলবার বিকাল ৫টার দিকে দিলু ইসলামের ছাগল যায়। এ ঘটনায় ফারুক হোসেন ক্ষিপ্ত হয়ে

দলবল নিয়ে দিলুর বাড়িতে হামলা চালায়।

এসময় বাড়িতে থাকা দিলুর স্ত্রী সাজেদা খাতুন (৩৫), মেয়ে শুকতারা খাতুন (১৬) ও ছেলে সজিবকে (১২) লাঠিসোটা দিয়ে বেধড়ক পিটিয়ে গুরুত্বর আহত করে। তাদের চিৎকারে প্রতিবেশিরা ছুটে এলে পালিয়ে যায় ফারুক ও তার সাঙ্গপাঙ্গরা।

আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য নেয়া হয় বিভিন্ন ক্লিনিকে। আহতদের মধ্যে শুকতার অবস্থা আশঙ্কাজনক।

এ ঘটনায় দিলু ইসলাম বাদি হয়ে দর্শনা থানায় ৪ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে। এদিকে ফারুক হোসেন তার বিরুদ্ধে ওঠা অভিযোগ মিথ্যা বলে দাবি করেছেন।

কুষ্টিয়ায় লকডাউনের নবম দিনেও কঠোর ভুমিকায় জেলা পুলিশ

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস প্রতিরোধে কুষ্টিয়ায় লকডাউন বাস্তবায়নে বরাবরের মত পুলিশের কঠোর নজরদারীর কারনে নগরীর ব্যস্ততম সড়ক গুলোতে দেখা গেছে শুনশান নিরবতা। এ মহামারি করোনা ভাইরাস প্রতিরোধে কুষ্টিয়ায় সর্বাত্নক কঠোর লকডাউন কার্যকরী করতে পুলিশ সুপার খাইরুল আলম এর নেতৃত্বে জেলার প্রতিটি সড়কে দিনরাত কাজ করছে জেলা পুলিশের সদস্যগণ।

কুষ্টিয়াতে এ বিধি নিষেধ শতভাগ বাস্তবায়নে জেলা পুলিশ, বহুমুখী পদক্ষেপের মধ্যে অন্য জেলা হতে কুষ্টিয়া জেলার প্রবেশদ্বারসহ কুষ্টিয়া পৌর সভার আওতাধীন এক এলাকা হতে অন্য এলাকায় চলাচল বন্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে জেলা পুলিশ । কুষ্টিয়া জেলার বারখাদা ত্রিমোহনী মোড়, বারখাদা ত্রিমোহনী মোড়, বটতৈল মোড়, লাহিনী বটতৈল মোড়, মোল্লাতেঘরিয়া মোড়, মিলপাড়া রেলক্রসিং, হরিপুর শেখ রাসেল সংযোগ সেতুর উত্তর প্রান্ত ও জগতি রেল বাজার চেকপোস্টসহ বিভিন্ন প্রবেশ পথে বসানো হয়েছে চেকপোস্ট।

কুষ্টিয়ায় করোনায় আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পরিস্থিতি মোকাবেলার জন্য ০৭ টি চেকপোস্ট ছাড়াও শহরের মজমপুর রেলগেট, মঙ্গলবাড়ীয়া বাজার, ত্রিমোহনী, থানা মোড়, বড় বাজার রেলগেট, চৌরহাস মোড়, ছয় রাস্তার মোড়, কাস্টম মোড়সহ বিভিন্ন জায়গায় কঠোরভাবে মনিটরিং করছে পুলিশ সদস্য।

মঙ্গলবার সরকার কর্তৃক আরোপিত বিধি নিষেধ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সরেজমিনে চেক পোস্টগুলিতে উপস্থিত হয়ে তদারকী করেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম।

এসময় দায়িত্বরত পুলিশ সদস্যদের প্রতি তিনি প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। চলমান পরিস্থিতিতে কেহ বিধি-নিষেধ অমান্য করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে পুলিশ সুপার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

লকডাউন তদাকরীকালে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অপরাধ) মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (জেলা বিশেষ শাখা) ফরহাদ হোসেন খাঁন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) রাজিবুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আতিকুল ইসলাম, কুষ্টিয়া মডেল থানার অফিসার ইনচার্জ সাব্বিরুল আলমসহ সদর ট্রাফিক এর টিআই-০১, জেলা গোয়েন্দা শাখার অফিসার ও জেলা পুলিশের সকল অফিসার ও ফোর্সগণ।

ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান! জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে পাঁচটার সময় এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ তারিক হোসেন মোঃ জাকির হোসেন ও মোঃ ফিরোজ হোসেন।

এসময় সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ সকলকে সচেতনতা

মূলক বক্তব্য প্রদান করেন ও বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির না হবার এবং সরকারের সকল প্রকার বিধি নিষেধ মেনে চলার জন্য আহ্বান জানান। এসময় মাক্স না পরা স্বাস্থ্যবিধি না মানা এবং বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির হবার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় আট জনকে সর্বমোট বারো হাজার পাচঁশত টাকা অর্থদন্ড প্রদান করে এবং তিন জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেয়া হয়।

মোবাইল কোর্ট পরিচালনা সার্বিকভাবে সহযোগিতা করে বাংলাদেশ আনসার ভিডিপি একটি চৌকস দল। জনস্বার্থে এই অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ।

কুষ্টিয়ায় মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় ৩০ পিস টাপেন্টাডল ট্যাবলেট সহ মোঃ রফিকুল ইসলাম নামের এক যুবককে আটক করেছে পুলিশ। মঙ্গলবার সন্ধ্যায় কুষ্টিয়া সদর উপজেলার হাটশহরিপুর ইউনিয়নের কান্তি নগর বোয়ালদাহ এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটককৃত রফিকুল ইসলাম কান্তি নগর বোয়ালদাহ এলাকার মুনজিল আলীর ছেলে। কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ছাব্বিরুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে রফিকুল ইসলামকে আটক করা হয়।

এসময় তার কাছে থাকা ৩০ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। সে চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান তিনি। আটককৃত রফিকুল ইসলামের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

এদিকে জেলা পুলিশ সুপার (এসপি) খাইরুল ইসলামের নির্দেশনায় কুষ্টিয়া মডেল থানা এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার্থে চলমান অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ওসি।

[redacted]

[redacted]

কুষ্টিয়ায় ভুয়া পে-অর্ডারের মাধ্যমে সওজের আড়াই কোটি টাকা আত্মসাতের অভিযোগ

কাজের বিপরীতে জামানতের ভুয়া পে-অর্ডার জমা দিয়ে কুষ্টিয়া সড়ক ও জনপথ বিভাগের একটি সেতুর টোল আদায়ের আড়াই কোটি টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে। কাজের মেয়াদ শেষে সড়ক ও জনপথ বিভাগ ওই পে-অর্ডার ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় ক্যাশ করতে গেলে এই জালিয়াতির বিষয়টি ধরা পড়ে। ঠিকাদারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ব্যাংক ও সড়ক জনপথ বিভাগ কেউই এ ঘটনার দায় নিতে চাইছে না। তারা একে অপরকে দোষারোপ করছে।

জানাযায়, ২০১৯ সালে কুষ্টিয়ার লাহিনীপাড়ায় গড়াই নদীর উপর নির্মিত মীর মশাররফ হোসেন (সেতু সৈয়দ মাসুদ রুমি) টোল আদায়ের দরপত্রে অংশ নিয়ে সর্বোচ্চ দরদাতা হিসেবে কাজ পান ঠিকাদারি প্রতিষ্ঠান দৃষ্টি এন্টারপ্রাইজ। কুষ্টিয়া সড়ক ও জনপথ বিভাগ সূত্র জানায়, দরপত্রের অনুযায়ী প্রতিবছর তিন মাস অন্তর অন্তর ৪ কিস্তিতে টোলের টাকা পরিশোধ করার কথা ঠিকাদারী প্রতিষ্ঠানের। এক্ষেত্রে দুই কিস্তির সমপরিমাণ অর্থ সড়ক ও জনপথ বিভাগ জামানত হিসাবে রাখা বাধ্যতামূলক। সে অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান সাউথইস্ট ব্যাংক কুষ্টিয়া শাখার প্রায় আড়াই কোটি টাকার দুটি পে-অর্ডার সড়ক ও জনপথ বিভাগের কুষ্টিয়া অফিসে জমা দেন।

এদিকে, যেহেতু দুই কিস্তির টাকার সমপরিমাণ টাকা সড়ক ও জনপথ বিভাগের আগেই জামানত হিসাবে জমা রেখেছে ঠিকাদারি প্রতিষ্ঠান সে কারণে কাজের মেয়াদ শেষে টোলের টাকার শেষ দুটি কিস্তির জমা দেয়নি ঠিকাদারী প্রতিষ্ঠান।

গত সোমবার সড়ক ও জনপথ বিভাগ কর্তৃপক্ষ ওই পে-অর্ডার দুটো সাউথইস্ট ব্যাংক কুষ্টিয়া শাখা ভাঙ্গাতে গিয়ে জানতে পারে এগুলো জাল। এ ঘটনায় এখন একে অপরকে দুষছে সংশ্লিষ্টরা। কেউ দায়ী নিতে চাইছে না এ বিপুল অর্থ আত্মসাতের।

ঠিকাদারী প্রতিষ্ঠান দৃষ্টি এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী হালিমুজ্জামান জানান, ‘কাজের অর্ডার পাওয়ার পর জামানতের জন্য

দুটিসহ মোট ছয়টি পে-অর্ডার সড়ক ও জনপথ বিভাগের জমা দিয়েছিলাম। সড়ক ও জনপথের তৎকালীন কর্মকর্তারা ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় গিয়ে সেটা যাচাই বাছাই করে নেন। পরে সড়ক জনপথ বিভাগ জামানতের দুটি পে-অর্ডার ছাড়া বাকি চারটি পে-অর্ডার ভাঙিয়ে ক্যাশ করেও নেন। এখন তিন বছরের মাথায় এসে কি করে সেই পে অর্ডার জাল হয়ে গেল সেটা মাথায় ঢুকছেনা। তিনি বলেন, ‘সাউথইস্ট ব্যাংকের তৎকালীন ম্যানেজার জাকির হোসেন কারসাজি করে এ ঘটনা ঘটিয়েছে বলে আমার ধারণা’।

কুষ্টিয়া সড়ক জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী শাকিরুল ইসলাম বলেন, সোমবার পে অর্ডার দুটি ব্যাংকে ক্যাশ করতে গিয়ে ধরা পড়ে এ দুটি আসল নয় জাল। তিনি বলেন, এ ব্যাপারে সংশ্লিষ্ট ঠিকাদার এর বিরুদ্ধে খুব দ্রুত মামলা করা হবে করা হবে। পাশাপাশি ব্যাংকের সংশ্লিষ্ট শাখা এর দায় এড়াতে পারে না। সে কারণে তাদের এই মামলায় পক্ষ ভুক্ত করা হবে।

সাউথইস্ট ব্যাংক কুষ্টিয়া শাখা বর্তমান ম্যানেজার সোহেল রানা বলেন, ‘বিষয়টি নিয়ে আমরাও ধোঁয়াশার মধ্যে রয়েছি। আমি এখানে নতুন যোগদান করেছি। যে সময়ের ঘটনা তখন জাকির হোসেন নামে একজন এখানে ম্যানেজারের দায়িত্বে ছিলেন। আমরা বিষয়টি খতিয়ে দেখছি এই মুহূর্তে এর বেশি কিছু বলতে পারব না।

প্রসঙ্গত, ঠিকাদারী প্রতিষ্ঠান দৃষ্টি এন্টারপ্রাইজের বিরুদ্ধে অভিযোগ এই নতুন নয়। এর আগে একই সেতুর টোল আদায়ের কাজে জালিয়াতির আশ্রয় নিয়েছিলেন এই প্রতিষ্ঠান। এছাড়া কুষ্টিয়া সুগার মিলে একটি ঠিকাদারি কাজের একইভাবে ভুয়া পে-অর্ডারের দিয়েছিল তারা। সেটা ধরা পড়ার পর ওই ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে সে সময় মামলা হয়। এতসব অভিযোগের পরেও এই ঠিকাদারি প্রতিষ্ঠান বারবার কি করে কাজ পায় তা নিয়ে প্রশ্ন উঠেছে জনমনে।

কুষ্টিয়ায় করোনায় আরও ৪ জনের

মৃত্যু, নতুন শনাক্ত ১৯৭

কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের করোনা ওয়ার্ডে গত ২৪ ঘণ্টায় আরও ৪ জনের মৃত্যু হয়েছে। হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার তাপস কুমার সরকার তথ্য নিশ্চিত করেন।

এনিয়ে জেলায় করোনায় মোট মৃত্যু সংখ্যা দাঁড়ালো ২০২ জনে। খোঁজ নিয়ে জানা যায়, গত ২৪ ঘণ্টায় ৬৮১ টি নমুনা পরীক্ষায় নতুন করে ১৯৭ জন করোনা শনাক্ত হন। কুষ্টিয়ায় করোনায় মৃত্যু ও সংক্রমণ ঊর্ধ্বগতি থামছে না। হাসপাতালে রোগীর চাপও বাড়ছে। কুষ্টিয়ায় এ পর্যন্ত ৬১ হাজার ৯৬৭ জনের সংগৃহীত নমুনা পরীক্ষার প্রাপ্ত ফলাফলে ৭ হাজার ৭৩৪ জন করোনা শনাক্ত হন।

হাসপাতালে এখন মোট ভর্তি রোগী সংখ্যা ১৫৪ জন। এদিকে রোগীর বাড়তি চাপ সামলাতে চিকিৎসক-নার্সদের হিমশিম অবস্থা। ক্রমবর্ধমান বাড়তি রোগী জন্য অক্সিজেন সংকট আশংকা করা হচ্ছে।

তবে করোনা রোগীর জীবন বাঁচাতে ও অক্সিজেন সংকট নিরসনে সম্প্রতি কুষ্টিয়া সদর আসনের এমপি মাহবুব-উল আলম হানিফ দুই দফায় ২০০ অক্সিজেন সিলিন্ডার হাসপাতালে পৌঁছে দেন। হাসপাতালে ১০টি বেডের জন্য সেন্ট্রাল অক্সিজেন সরবরাহসহ ৫৫০টি অক্সিজেন সিলিন্ডার দিয়ে করোনা চিকিৎসা চলছে। তবে সংক্রমণ ঊর্ধ্বগতি ও ক্রমাগত রোগী বাড়তে থাকায় অক্সিজেন সংকট দেখা দিতে পারে বলে হাসপাতালের করোনা ওয়ার্ডের চিকিৎসকরা আশংকা প্রকাশ করেন।

অক্সিজেন সিলিন্ডার ব্যবহারের পর তা যশোর থেকে রি-ফিল করে এনে পুনরায় করোনা রোগীকে সরবরাহ করতে দীর্ঘ সময়ক্ষেপণ হচ্ছে। ফলে স্বল্প সংখ্যক অক্সিজেন সিলিন্ডারে রোগী চিকিৎসায় সংকট সৃষ্টি হচ্ছে। কোভিড ডেডিকেটেড এ হাসপাতালটির সব বেডগুলোই সম্পূর্ণ সেন্ট্রাল অক্সিজেন সরবরাহের আওতায় আসলে এ সংকট দুর হবে বলে চিকিৎসকরা জানান।

কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালের আরএমও ডাক্তার তাপস কুমার সরকার জানান, কোভিড ডেডিকেটেড এ হাসপাতালের সম্পূর্ণ বেডগুলো সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ ব্যবস্থার আনার কাজ চলছে। শীঘ্রই তা বাস্তবায়ন হবে বলে তিনি জানান।

মেহেরপুরে নতুন করে ৫৭ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৫৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ৩৬ জন, গাংনীতে ১৪ জন এবং মুজিবনগরে ৫ জন। দুইটি রেফার।

মঙ্গলবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১১৪টি। তারমধ্যে ৫৭জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৯৭ জন। তার মধ্যে সদরে ১৯৬ জন, গাংনীতে ২০৩ জন এবং মুজিবনগরে ৯৮ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৪৮ জন। মৃতদের মধ্যে সদরে ১৭ জন, গাংনী ১৯ জন ও মুজিবনগরে ১২ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গায় বিপুল পরিমাণের নিষিদ্ধ ট্যাবলেটসহ আটক -১।

চুয়াডাঙ্গায় নিষিদ্ধ টাপেন্টাডল ট্যাবলেটসহ ফার্মেসী মালিক তানজিল আহম্মেদকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। মঙ্গলবার বিকেলে চুয়াডাঙ্গা সমবায় নিউ মার্কেটের মুক্তি ঔষধ ঘর নামক ফার্মেসীতে অভিযান চালিয়ে ৪৪৩ পিচ টাপেন্টাডল ট্যাবলেটসহ তাকে আটক করা হয়।

আটককৃত তানজিল আহম্মেদ (৪৫) চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুর গ্রামের আলী আহম্মেদ সন্টুর ছেলে। আটককৃত তানজিল আহম্মেদকে ভ্রাম্যমাণ আদালতে ১৮ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানাসহ জেল হাজতে পাঠানো হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা গোপণ সংবাদের ভিত্তিতে জানতে পারে চুয়াডাঙ্গা সমবায় নিউ মার্কেটের মুক্তি ঔষধ ঘরে দীর্ঘদিন ধরে নিষিদ্ধ টাপেন্টাডল ট্যাবলেট বিক্রি করে আসছেন। আজ মঙ্গলবার বেলা ৪টার দিকে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ ও সাহারা ইয়াসমিন সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। এসময় মুক্তি ঔষধ ঘর থেকে উদ্ধার করা হয় ৪৪৩ পিচ টাপেন্টাডল ট্যাবলেট।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে ১৮ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা করেন। সাজাপ্রাপ্ত তানজিল আহম্মেদকে জেল হাজতে পাঠানো হয়েছে।